দামুড়হুদার কাঁঠালতলায় সড়ক দুর্ঘটনায় স্কুলছাত্র নিহত, আহত ১

দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঁঠালতলা এলাকায় ইজিবাইক, মোটরসাইকেল ও পাখিভ্যানের ত্রিমুখী সংঘর্ষে মেরাজ হোসেন (১৩) নামে এক স্কুলছাত্র নিহত হয়েছে। এ ঘটনায় রাকিব হোসেন (১৪) নামে আরও এক কিশোর গুরুতর আহত হয়েছে।

রোববার দুপুর আড়াইটার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মেরাজ হোসেনের মৃত্যু হয়।

নিহত মেরাজ হোসেন উপজেলার বড় দুধপাতিলা গ্রামের আবু মুসার ছেলে এবং দর্শনা দক্ষিণ চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির ছাত্র।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, রোববার মেরাজ হোসেন ও তার বন্ধু রাকিব হোসেন বাড়ি থেকে মোটরসাইকেলযোগে দামুড়হুদা উপজেলা শহরের উদ্দেশে রওনা দেন। পথে জয়রামপুর কাঁঠালতলা এলাকায় পৌঁছালে ইজিবাইক, মোটরসাইকেল ও পাখিভ্যানের মধ্যে ত্রিমুখী সংঘর্ষ ঘটে। এতে মেরাজ ও রাকিব গুরুতর আহত হয়।

স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। পরে চিকিৎসাধীন অবস্থায় মেরাজ হোসেন মারা যান।

নিহতের বাবা আবু মুসা জানান, তার ষষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত ছেলে মেরাজ হোসেন ও তার বন্ধু রাকিব হোসেন মোটরসাইকেলে করে দামুড়হুদা উপজেলা শহরে যাওয়ার পথে দুর্ঘটনার শিকার হয়।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেজবাহ উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।